অতিরিক্ত বিভাগীয় কমিশনারের কুষ্টিয়া কালেক্টরেট স্কুল পরিদর্শন

কুষ্টিয়া কালেক্টরেট স্কুল এন্ড কলেজের নব নির্মিত ভবন পরিদর্শন করেছেন খুলনা বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) ও স্থানীয় সরকার বিভাগের পরিচালক হোসেন আলী খোন্দকার।

রবিবার সকালে তিনি এই স্কুল এন্ড কলেজ পরিদর্শন করেন।

এ সময় উপস্থিত ছিলেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মোঃ আসলাম হোসেন, স্থানীয় সরকারের উপ-পরিচালক মৃনাল কান্দি দে, এবং জেলা প্রশাসনের কর্মকর্তাবৃন্দসহ কুষ্টিয়া কালেক্টরেট স্কুল এন্ড কলেজের প্রধান শিক্ষক মৃনাল কান্দি সাহা।

এর আগে খুলনা বিভাগের অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) ও স্থানীয় সরকার বিভাগের পরিচালক হোসেন আলী খোন্দকারকে ফুলেল শুভেচ্ছা জানান জেলা প্রশাসক।

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ৪২ তম বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন

স্বাধীনতা পরবর্তী প্রথম পাবলিক বিশ্ববিদ্যালয় হলো ইসলামী বিশ্ববিদ্যালয়, যা ৪২ বছরে পদার্পণ করেছে। জন্মদিনে বর্ণিল পতাকা ও আলোকসজ্জায় রঙিন হয় বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণ।

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে রবিবার সকাল সাড়ে দশটায় প্রশাসন ভবন চত্বরে জাতীয় সংগীতের সঙ্গে জাতীয় পতাকা উত্তোলন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শেখ আবদুস সালাম এবং বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন করেন উপ-উপাচার্য অধ্যাপক ড. মোঃ শাহিনুর রহমান।

পতাকা উত্তোলন শেষে শান্তি ও আনন্দের প্রতীক পায়রা ও বেলুন উড়িয়ে উপাচার্য বিশ্ববিদ্যালয় দিবসের কর্মসূচির উদ্বোধন করেন। এরপর প্রশাসন ভবনের পূর্ব পাশে দুইটি গাছের চারা রোপণ করে তিনি ৪২তম বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে ৪২টি ফলজ ও বনজ গাছের চারা রোপণ কর্মসূচির উদ্বোধন করেন।

বেলা এগারোটায় প্রশাসন ভবনের সভাকক্ষে কেক কাটা ও বাদ জোহর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদে ইসলামী বিশ্ববিদ্যালয়ের উন্নতি, শান্তি ও সমৃদ্ধি কামনা করে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে ভারপ্রাপ্ত রেজিস্টার এস এম আব্দুল লতিফসহ উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, হল প্রভোস্ট, অফিস প্রধান এবং বিভিন্ন সমিতি, পরিষদ, ফোরাম ও সংগঠনের নেতৃবৃন্দ।

এছাড়াও, বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে সন্ধ্যা ৬টায় অনলাইন আলোচনাসভার (ওয়েবিনার) আয়োজন করা হয়।

উপাচার্য অধ্যাপক ড. শেখ আবদুস সালাম-এর সভাপতিত্বে ও ফোকলোর স্টাডিজ বিভাগের সভাপতি ড. মোস্তাফিজুর রহমান-এর সঞ্চালনায় আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ড. কাজী শহীদুল্লাহ, বিশেষ অতিথি হিসেবে উপ-উপাচার্য অধ্যাপক ড. মোঃ শাহিনুর রহমান এবং অতিথি হিসেবে রেজিস্টার (ভারপ্রাপ্ত) এস এম আব্দুল লতিফ অংশ নেন।

স্বাগত বক্তব্য রখেন ৪২তম ইসলামী বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন উপ-কমিটি ২০২০-এর আহ্বায়ক অধ্যাপক ড. আহসান-উল-আম্বিয়া।

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে উপাচার্য শেখ আবদুস সালাম বলেন, ‘প্রতিষ্ঠাবার্ষিকী মানে ইসলামী বিশ্ববিদ্যালয়ের জন্মদিন। জন্মদিনের আনন্দ আমাদের শিক্ষক, শিক্ষার্থী, কর্মচারী ও কর্মকর্তা সবার। এইদিনে আমাদের ঐতিহ্য ইতিহাস জন্মের পেছনের দিনগুলো কেমন ছিলো এবং আগামীতে কিভাবে আরও এগিয়ে যাবো বা এই স্বপ্নকে ধারণ করবো এবং সেই স্বপ্নের দিকে আমরা সবাই সম্মিলিত ভাবে এগিয়ে যাবো।

কোভিড সিচুয়েশনে আমরা বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাবার্ষিকী যেভাবে পালন করতে চাচ্ছিলাম সেভাবে করতে পারছি না, কিন্তু এক একটা

জন্মদিনে এক একটা অঙ্গীকার করতে হয় সেই হিসেবে বিশ্ববিদ্যালয়কে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য আমরা প্রত্যেকটি স্টেক-হোল্ডার অঙ্গীকার করবো।

বঙ্গবন্ধুর স্বপ্নের বাংলাদেশ নির্মাণে অন্যান্য বিশ্ববিদ্যালয়ের সাথে তাল মিলিয়ে ভূমিকা রাখবো। শুধু বাংলাদেশ নয় বিশ্বপরিসরেও আমরা যেন জায়গা করে নিতে পারি সেই চিন্তা চেতনা ধারণ করে সামনের দিকে এগিয়ে যাবো’।

জীবননগরে মুমূর্ষু রোগীর পাশে গঙ্গাদাশপুর যুব সংগঠন

জীবননগরে মুমূর্ষু রোগীর পাশে দাঁড়িছে গঙ্গাদাশপুর যুব সংগঠনের সদস্যরা। গত দুই দিন আগে এক অসহায় দিনমজুর ভ্যান চালকের মেয়ে টাকার অভাবে সিজার করতে পারছিল না এবং ঔষধ কেনার মত তেমন সামর্থ ছিল না এমন সংবাদ পেয়ে তার বাড়িতে ছুটে যান জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের গঙ্গাদাশপুর যুব সংগঠনের এক ঝাক তরুণ।

ভ্যান চালক দিনমজুরের বাড়িতে গিয়ে তার মেয়েকে নিয়ে জীবননগর শহরের ক্রিসেন্ট ক্লিনিকে ভর্তি করে এবং সিজারের সমস্থ দায়ভার গ্রহণ করে। গতকাল রবিবার সিজার শেষে কর্তব্যরত চিকিৎসক একটি মেয়ে সন্তানের জন্ম হয়েছে বলে জানান।

এ সময় ক্লিনিকে শিশুটিকে দেখতে ক্লিনিকে ছুটে যান গঙ্গাদাশপুর যুব সংগঠনের উপদেষ্ঠা রাজিব হোসেন রাজু, সাংবাদিক মিঠুন মাহমুদ, গঙ্গাদাশপুর যুব সংগঠনের সভাপতি শাহিন কবির, সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল মামুন, অর্থ সম্পাদক আরুক আলী, সদস্য শরিফ উদ্দিন, সাইদুর রহমান, বিল্লান হোসেন প্রমুখ।

জীবননগরে প্রয়াত সাংবাদিকদের রুহের মাগফিরাত কামনা

জীবননগর প্রেস ক্লাবে প্রয়াত সাংবাদিকদের রুহের মাগফিরাত কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার দুপুর ২টার সময় জীবননগর প্রেস ক্লাবের আয়োজনে জীবননগর উপজেলায় প্রয়াত সাংবাদিকদের রুহের মাগফিরাত কামনায় জীবননগর প্রেস ক্লাবে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

জীবননগর প্রেস ক্লাবের ভারপ্রাপ্ত সভাপতি যোয়াদ হোসেন কামালের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন, জীবননগর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক এম আর বাবু, সাংবাদিক সালাউদ্দিন কাজল, জাহিদ বাবু, নারায়ণ ভৌমিক, মামুন হোসেন, আতিয়ার রহমান, কাজী শামসুর রহমান, মুন্সী খোকন, জাহাঙ্গীর আলম,

হুমায়ন কবির, জামাল হোসেন খোকন, মিঠুন মাহমুদ, চাষী রমজান, এ আর ডাবলু, জহিরুল ইসলাম, মাজেদুল ইসলাম মিল্টন, রমজান আলী, আলামিন হোসেনসহ জীবননগর প্রেস ক্লাবের সাবেক সভাপতি প্রয়াত আনোয়ারুল কবিরের স্ত্রী, প্রয়াত সাংবাদিক আবু সায়েমের দুই ছেলে এ দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন।

উক্ত অনুষ্ঠানে দোয়া মাহফিল পরিচালনা করেন মাওলানা ওলিয়ার রহমান ।

এজাহারভুক্ত আসামিদের গ্রেফতারের দাবিতে সংবাদ সম্মেলন

মিথ্যা মামলার প্রতিবাদ ও এজাহারভুক্ত আসামিদের গ্রেফতারের দাবিতে হাসাদাহ প্রেস ক্লাবে সংবাদ সম্মেলন হয়েছে। সুটিয়া

গ্রামের মৃত সামসুদ্দীন মন্ডলের ছেলে খোকন মন্ডল, তিনি সংবাদ সম্মেলনে বলেন, আমার পিতা খুন হবার পর ৭/৫/২০২০ তারিখে জীবননগর থানায় হত্যা মামলা করা হয়। যার মামলা নং ০৫/২০২০।

এই মামলার এস আই বাবলুর রহমান ১নং আসামি গ্রেফতার করে। আসামি কোটথেকে জামিনে বাড়ীতে এসে আমাদের বিভিন্ন ভাবে হুমকি দিচ্ছে এবং বাকী ৫জন আসামি এজেহারভুক্ত হলেও অজ্ঞাত কারণে থানা তাদের ধরছে না।

আমরা বললে বলে যে, উপরের চাপ আছে। আসামিরা আমার পিতার মৃত্যুর পর এই পযর্ন্ত কোটে আমাদের নামে ১০ টি মিথ্যা মামলা দিয়ে হয়রানি করিয়ে নিয়ে বেড়াচ্ছে। তিনি আরো বলেন, পুলিশের কর্তৃপক্ষকে বিনীত ভাবে জানাতে চাই, এজেহারভুক্ত আসামিদের যাহাতে গ্রেফতার করা হয়। গ্রেফতার হলে আমার গরীব অসহায় পরিবার মিথ্য মামলার হাত থেকে রেহায় পাবে।

এ সংবাদ সম্মেলনে প্রেস ক্লাবের সভাপতি ডিএম মতিয়ার রহমান, সহ-সভাপতি শামসুল আলম, সাধারণ সম্পাদক মনিরুজ্জামান শ্যামল, সাংগাঠনিক সম্পাদক মুন্সী কবির হোসেন, কোষাধ্যক্ষ বদরুজ্জামান শ্যামল, প্রচার ও দপ্তর সম্পাদক আল আমিন, নির্বাহী সদস্য কবির আহম্মদ, হুসাইন,শিপলু রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

মিরপুরের বারাতালা স্পোর্টিং ক্লাবের ফাইনাল খেলা অনুষ্ঠিত

কুষ্টিয়ার মিরপুর বারাতালা স্পোর্টিং ক্লাবের উদ্যোগে ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার বিকেলে উপজেলার বলিদাপাড়া- বারুইপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে খেলায় পোড়াদহ স্টার স্পোর্টিং ক্লাব একাদশ বনাম বারাতালা স্পোর্টিং ক্লাব একাদশ এর মধ্যে ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

বারাতালা স্পোর্টিং ক্লাবের সভাপতি তৌফিকুর রহমান তুফানের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মাসুম বিশ্বাসের পরিচালনায় ফুটবল টুর্নামেন্ট এর ফাইনাল খেলা প্রধান অতিথি হিসেবে উদ্বোধন করেন, দিশা সংস্থার নির্বাহী পরিচালক রবিউল ইসলাম।

এ সময় তিনি বলেন, খেলাধুলা মানুষের দেহ সুস্থ রাখে এবং মনকে রাখে চাঙা। আর মাদক মানুষের বোধশক্তি কেড়ে নেয়। নিজের ওপর নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে মাদকসেবীরা।

তিনি বলেন, মাদকের প্রভাবে মানুষ জড়িয়ে পড়ে অপরাধের সঙ্গে। তাই নিজেকে সুস্থ রাখতে চাইলে মাদক ব্যবসা ও সেবন ছাড়তে হবে। স্বাস্থই সকল সুখের মূল। স্বাস্থ ভালো না থাকলে শরীর ও মন ভালো থাকে না। এ জন্য সুস্থ জীবনযাপন করতে চাইলে খেলাধুলায় মন বসাতে হবে।

তিনি বলেন, দক্ষিণ-পশ্চিমাঞ্চলের রণাঙ্গনের জোনাল চেয়ারম্যান ও মিরপুর ভেড়ামারা আসনের সংসদ সদস্য আব্দুর রউফ চৌধুরীর অক্লান্ত প্রচেষ্টা এবং তার নিজের সম্পত্তি দান করে দেওয়ায় মধ্য দিয়ে এই স্পোর্টিং ক্লাব মাঠের সৃষ্টি হয়েছে। এরপর থেকে এই এলাকার বাসিন্দারা এখানে খেলাধুলা করে অনেকে নামি দামি খেলোয়াড়ও হয়েছেন। ফুটবল খেলাকে টিকিয়ে রাখতে এবং এই স্পোর্টিং ক্লাবে প্রতি বছর টুর্নামেন্টের মাধ্যমে খেলাধুলা চালিয়ে যেতে হবে। এজন্য আমার সহযোগিতা অব্যাহত থাকবে।

বিশেষ অতিথি হিসেবে জেলা যুবলীগের সভাপতি রবিউল ইসলাম, মিরপুর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল কাশেম জোয়ার্দার, উপজেলা আওয়ামী লীগের সাংস্কৃতিক সম্পাদক তকরিম উদ্দিন খান, বারুইপাড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান-সাইদুর রহমান, ইউপি সদস্য রহমত আলী, মোজাম্মেল হক, বিলকিস বেগম, উপস্থিত ছিলেন। বারাতালা স্পোর্টিং ক্লাবকে ২-১ গোলে পরাজিত করে পোড়াদহ স্টার স্পোর্টিং ক্লাব একাদশ চ্যাম্পিয়ন হয়।

খেলায় আশপাশের এলাকার হাজারো ফুটবল প্রেমী খেলাটি উপভোগ করেন।

খেলা শেষে চ্যাম্পিয়ন ও রানারআপ দলের মধ্যে পুরষ্কার স্বরুপ ছাগল তুলে দেন অতিথিবৃন্দ।

[redacted]

[redacted]

নিয়ত’র নিয়তই কালোবাজারী ও মাদক ব্যবসা

নিয়ত আলী। ভালোর বিপরীতে মন্দ নিয়তে তিনি কালোবাজারী, মাদক ব্যবসা করে এখন হয়েছেন বহু সম্পদের মালিক। আর সেটা বোঝাতে বছর দুয়েক আগে সেজেছেন গরুর খামারি। পাশাপাশি করেন বীজ উৎপাদনের জন্য চাষবাসও। কিন্তু তার মূল পেশা হচ্ছে কালোবাজারি। মাদকসহ ভারতীয় বীজ এনে নিজের উৎপাদিত বীজ বলে চালিয়ে দেন। এমন অভিযোগ উঠে এসেছে মেহেরপুর প্রতিদিন এর অনুসন্ধানীতে। স্থানীয় আওয়ামী লীগ নেতাসহ বিভিন্ন জনের সাথে কথা বলে এ তথ্য উঠে এসেছে।

মেহেরপুরের মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের নিয়ত আলী বসবাস করতেন ভারতের ব্রম্মানগরে। বছর ১৫ আগে ভাই অম্মত ও পিতা আলিহিনসহ বাংলাদেশের মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামে বসবাস শুরু করে। নিয়ত আলীর পিতা আলিহিনকে আলী ডাকাত বলেই সবাই চিনতো।

কয়েক বছর আগে পিতা আলিহিন অরফে আলী ডাকাত ভারতীয় গরু পাচার করতে গিয়ে বিএসএফ’র গুলিতে নিহত হন। এরপর মুজিবনগরের আনন্দবাস গ্রামে বসতি তৈরি করেন নিয়ত ও তার ভাই অম্মত আলী। আনন্দবাস গ্রামে মহিষ চুরি করে জনরোষে পড়ে অম্মত আলী পুনরায় ফিরে যান ভারতের ব্রম্মানগরে। বর্তমানে সে সেখানেই বসবাস করছেন।

জানা গেছে, নিয়ত আলী বাংলাদেশ-ভারত উভয় দেশের নাগরিক। সেই সুবাদে দু-দেশে অবাধ বিচরন নিয়ত আলীর। ভারতে অবস্থানরত ভাই অম্মতের সহোযোগীতাই ব্রম্মানগর সীমান্ত দিয়ে গড়ে তুলেছেন মাদক চালানের চক্র। বীজ ও গরু ব্যবসার আড়ালে চালিয়ে যাচ্ছে মাদকের রমরমা ব্যবসা। প্রশাসন ও গোয়েন্দা নজরদারিতে থাকলেও ধরা পড়েনি কোন দিন। চুয়াডাঙ্গার কার্পাসডাঙ্গা ও দামুড়হুদার মাদক ব্যবসায়ীদের সাথে আতাত করে চলে তার ব্যবসা। ফেন্সিডিল, গাঁজাসহ মাঝে মধ্যে অস্ত্র চোরাচালানের সাথেও জড়িত বলে জানা গেছে।

নাম প্রকাশে অনিচ্ছুক স্থানীয় এক আওয়ামী লীগ নেতা জানান, নিয়ত আলী এ দেশে যখন আসে তখন কিছুই ছিলনা। এখন প্রচুর টাকার মালিক। মাদক ব্যবসা করতে গিয়ে বর্তমান ইউনিয়ন চেয়ারম্যান আইয়ুব হোসেন তাকে আশ্রয় প্রশয় দেন, এমনকি মাদক ব্যবসার সাথে তিনি শেয়ারও

আছেন। তবে মাদকের ব্যবসা করলেও নেতারা আশ্রয় দেওয়ায় ধরা পড়ে না।

স্থানীয় আরো কয়েকজন জানান, নিয়ত আলী ক্ষমতাসীনদের ছত্রছায়ায় চালিয়ে যাচ্ছে মাদকের ব্যবসা। দশ বছর আগে যে নিয়তের হাত-পা ছাড়া সম্পদ বলতে কিছুই ছিল না সেই নিয়তের এখন কোটি টাকার সম্পদ। এক সময় অন্যের জমিতে কাজ করে ও ভারতীয় মালামাল কালোবাজারির মাধ্যমে এদেশে এনে করে সংসার চালাতো নিয়ত আলী। পরে মাদক চালানের সাথে জড়িয়ে রাতারাতি বনে গেছে কোটিপতি। আলিসান বাড়ি, দুইটি মটরসাইকেল, একটি ট্রাকটরসহ হয়েছেন বেশ কিছু সম্পদের মালিক।

এ বিষয়ে নিয়ত আলীর সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলে তিনি সাংবাদিক পরিচয় পেয়ে কথা বলতে চাননি। তার সাথে কথা বলতে কয়েকদিন আনন্দবাস গ্রামে যাওয়ার পরও সাংবাদিক পরিচয় দেওয়ায় তিনি আত্মগোপনে চলে যান। এমনকি কোন অপরিচিত মোবাইল নম্বর থেকে ফোন দিলেও ফোন রিসিভ করেননি।
বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস গ্রামের ৯ নং ওয়ার্ড সদস্য জাকির হোসেন জানান, নিয়ত আলী বিভিন্ন দুই নাম্বার ব্যবসার সাথে জড়িত। তার নেটওয়ার্ক অনেক দূর। এ বিষয়ে এর বেশি কথা মোবাইলে বলা যাবে না।

বাগোয়ান ইউপি চেয়ারম্যান ও আনন্দবাস গ্রামের বাসিন্দা আয়ুব আলী জানান, নিয়ত আলী এর আগে টুকটাক মাদকের ব্যবসা করতো। কিন্তু বছর দুয়েক হলো সে গরুর ফার্ম করেছে। এর আড়ালে কোন কিছু করে কিনা আমার জানা নেই। তাকে নিয়ে জড়িয়ে যারা কথা বলেছেন, তারা ঠিক বলেননি। একজন জনপ্রতিনিধি হিসেবে চোর, ডাকাত, সাধু সন্ন্যাসী সকল শ্রেণীর মানুষকে নিয়েই চলতে হয়।

মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল হাসেম আলী জানান, মাদক ব্যবসার সাথে জড়িতরা কেউ রেহাই পাবে না। আজ না কাল তাকে ধরা পড়তেই হবে। তাছাড়া সীমান্ত এলাকায় আইনের কিছু বাধ্যবাধকতা থাকা আমরা অনেক কিছু চাইলেও করতে পারিনা।

মেহেরপুরে আরও ৩ জন করোনায় আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও ৩ জন করোনা আক্রান্ত হয়েছেন। তাদের মধ্যে দুই জন সদরের, একজন গাংনী উপজেলার।

রবিবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১২ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে ৩ জনের। আর নেগেটিভ আসে ৯ জনের।

তিনি আরো জানান, এ পর্যন্ত সর্বমোট নমুনা পাঠানো হয়েছে-৪৯০৬ ফলাফল এসেছে ৪৮১০ টি, সর্বমোট পজিটিভ ৭০৩ জন, সুস্থ ৬১৪ জন, মৃত্যু ১৬ জন ও ট্রান্সফার্ড ৫৪ জন।

বর্তমানে মেহেরপুর জেলায় পজিটিভ কেইস এর সংখ্যা ১৯ (সদরে-১২, গাংনীতে- ৪ ও মুজিবনগরে- ৪) জন।

ভিন্নসূত্রে পাওয়া পজেটিভদের পরিচয়- মেহেরপুর সদরের খন্দকার পাড়ার সাজিবুর রহমান(২১), আমঝুপির লাইলী(৬৮), অপর জন হলেন গাংনীর হাড়িয়াদহের শামিম রেজা(৩৫)।

ঝিনাইদহে ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

ঝিনাইদহ শহরের বাস টার্মিনাল এলাকা থেকে ফেন্সিডিলসহ মমিন হোসেন
(৩৫) নামের এক ব্যক্তিকে আটক করেছে পুলিশ।
রোববার সকালে তাকে আটক করা হয়। আটককৃত ব্যক্তি মমিন চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কানাইডাঙ্গা গ্রামের ফকির মন্ডলের ছেলে। ঝিনাইদহ সদর থানার ওসি মিজানুর রহমান জানান, বাস টার্মিনাল এলাকা দিয়ে মাদক পাচার হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়। এসময় ঝিনাইদহ থেকে ফরিদপুরগামী একটি বাস থেকে মমিন হোসেনকে আটক করা হয়। পরে তার ব্যাগ তল্লাসী করে ১’শ ১০ বোতল